

## 🗏 মারইয়াম | Maryam | مَرْيَم

আয়াতঃ ১৯:১০

## **া** আরবি মূল আয়াত:

## قَالَ رَبِّ اجعَل لِّى أَيَةً ا قَالَ أَيَتُكَ اللَّا تُكَلِّمَ النَّاسَ ثَلْثَ لَيَالٍ سَوِيًّا ﴿١٠﴾

## 

সে বলল, 'হে আমার রব, আমার জন্য একটি নিদর্শন ঠিক করে দিন'। তিনি বললেন, 'তোমার জন্য এটাই নিদর্শন যে, তুমি সুস্থ থেকেও তিন রাত কারো সাথে কথা বলবে না'। — আল-বায়ান

সে বলল, 'হে আমার পালনকর্তা! আমার জন্য একটা চিহ্ন স্থির করে দিন।' তিনি বললেন, 'তোমার চিহ্ন এই যে, তুমি তিন রাত মানুষের সঙ্গে কথা বলবে না যদিও তুমি কথা বলতে সক্ষম।' — তাইসিরুল

যাকারিয়া বললঃ হে আমার রাব্ব! আমাকে একটি নিদর্শন দিন। তিনি বললেনঃ তোমার নিদর্শন এই যে, তুমি সুস্থাবস্থায় কারও সাথে তিন দিন বাক্যালাপ করবেনা। — মুজিবুর রহমান

[Zechariah] said, "My Lord, make for me a sign." He said, "Your sign is that you will not speak to the people for three nights, [being] sound." — Sahih International

- ১০. যাকারিয়্যা বললেন, হে আমার রব! আমাকে একটি নিদর্শন দিন। তিনি বললেন, আপনার নিদর্শন এ যে, আপনি সুস্থ(১) থাকা সত্ত্বেও কারো সাথে তিন দিন কথাবার্তা বলবেন না।
  - (১) سَوِيًّا শব্দের অর্থ সুস্থ। শব্দটি একথা বোঝানোর জন্য যুক্ত করা হয়েছে যে, যাকারিয়্যা আলাইহিস সালাম এর কোন মানুষের সাথে কথা না বলার এ অবস্থাটি কোন রোগবশতঃ ছিল না। এ কারণেই আল্লাহর যিকর ও ইবাদতে তার জিহবা তিন দিনই পূর্ববৎ খোলা ছিল; বরং এ অবস্থা মু'জেযা ও গর্ভসঞ্চারের নিদর্শন স্বরূপই প্রকাশ পেয়েছিল। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (১০) যাকারিয়া বলল, 'হে আমার প্রতিপালক! আমাকে একটি নিদর্শন দাও!' তিনি বললেন, 'তোমার নিদর্শন এই যে, তুমি সুস্থ থাকা সত্ত্বেও কারো সাথে ক্রমাগত তিন রাত্রি (দিন) বাক্যালাপ করবে না।' [1]
  - [1] রাত্রি বলতে দিন-রাত্রি উভয়কেই বোঝানো হয়েছে। سَوِيًا অর্থ বিলকুল নীরোগ, সুস্থ। অর্থাৎ তোমার এমন





কোন ব্যাধি হবে না, যার ফলে তুমি কথা বলতে পারবে না। কিন্তু তা সত্ত্বেও তোমার মুখ দিয়ে কথা না বের হলে তুমি জেনে নিও যে, সুসংবাদের সময় নিকটবর্তী।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2260

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন